

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৯, ২০১৬

নির্বাচন কমিশন  
বাংলাদেশ  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা  
প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৩/২৭ জুন ২০১৬

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৫)-২৭৩।—মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৭৫৬/২০১৫ এ বিগত ০২ আগস্ট ২০১৫ তারিখের আদেশ অনুযায়ী বেড়া পৌরসভার সীমানা পুনর্গঠন এবং পুনর্গঠিত সীমানার গেজেট অনুযায়ী ভোটার তালিকা পুনর্বিদ্যায়ের কাজ সম্পন্ন হওয়ায় বিগত ০৬ জুলাই ২০১৫ তারিখের ১৭.০০.৭৬১৬.০৩৪.৩৮.০৫১.০৪.২৭০ নং স্মারকমূলে পাবনা জেলার বেড়া পৌরসভার নির্বাচনের তফসিল ঘোষণা সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করিয়া স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা পাবনা জেলার বেড়া পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি পুনরায় ঘোষণা করিতেছে :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১২ জুলাই ২০১৬ ২৮ আষাঢ় ১৪২৩ (মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৪ জুলাই ২০১৬ ৩০ আষাঢ় ১৪২৩ (বৃহস্পতিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২২ জুলাই ২০১৬ ০৭ শ্রাবণ ১৪২৩ (শুক্রবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	০৭ আগস্ট ২০১৬ ২৩ শ্রাবণ ১৪২৩ (রবিবার)

( ১১৫১৫ )

মূল্য : টাকা ৪.০০

২। উল্লেখ্য যে, স্থগিতকৃত বেড়া পৌরসভার নির্বাচনে যে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী ছিলেন তাঁরা মনোনয়নপত্র উত্তোলনপূর্বক পুনরায় মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

৩। তাছাড়া আরও উল্লেখ্য যে, গত ০৮ জুলাই ২০১৫ তারিখে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের লক্ষ্যে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.৭৬১৬.০৩৪.৩৮.০৫১.০৪.২৬৯ এবং গত ০৮ জুলাই ২০১৫ তারিখে আপিল কর্তৃপক্ষ নিয়োগের লক্ষ্যে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.৭৬১৬.০৩৪.৩৮.০৫১.০৪.২৭১ বহাল থাকবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২।